উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

সেপ্টেম্বর, ২০১৯

উখিয়া উপজেলা, কক্সবাজার।

সূচিপত্র

প্রথম অধ্যায় ঃ প্রেক্ষাপট ও এলাকা পরিচিতি ৫

১.১. প্রেক্ষাপট ঃ ৫

মানচিত্র -০১ ঃ উখিয়া উপজেলা ৬

১.২. দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার উদ্দেশ্য ঃ ৭

১.৩. দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার প্রয়োজনীয়তা ঃ ৭

১.৪. উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরির আইনগত ভিত্তি ঃ ৭

১.৫. এক নজরে উপজেলা / উপজেলা (প্রোফাইল) পরিচিতি ঃ ৮

ছক - ০১ ঃ এক নজরে উপজেলা পরিচিতি ৮

১.৬. উখিয়া উপজেলার এলাকা পরিচিতি ঃ ১০

১.৭. উখিয়া উপজেলার ভৌগলিক অবস্থান ঃ ১০

১.৮. আয়তন ঃ ১১

দ্বিতীয় অধ্যায় ঃ দুর্যোগ, আপদ ও ঝুঁকি ১২

২.১. দুর্যোগের সার্বিক ইতিহাস ১২

ছক - ০২ ঃ উখিয়া উপজেলার দুর্যোগের সার্বিক ইতিহাস ১২

২.২. উখিয়া উপজেলার আপদসমূহ ঃ ১৫

ছক - ০৩ ঃ উখিয়া উপজেলার আপদের তালিকা ১৫

২.৩. বিভিন্ন আপদ তার বর্তমান ও ভবিষ্যত চিত্রের বিস্তারিত বর্ণনা ঃ ১৫

২.৪. আপদের মৌসুমী দিনপঞ্জি ঃ ১৬

ছক - ০৪ ঃ আপদের মৌসুমী দিনপঞ্জি ১৬

চিত্র - ০১: আপদের মৌসুমী দিনপঞ্জি ১৬

ছক - ০৫ ঃ প্রতিটি খাত/প্রতিষ্ঠান/স্থাপনার বিপদাপন্নতা ১৮

২.৫. খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ণনা ঃ ১৯

ছক - ০৬ ঃ উখিয়া উপজেলার বিপদাপন্ন খাতসমূহ চিহ্নিতকরণ ১৯

২.৬. জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব ঃ ১৯

ছক - ০৭ ঃ জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্থ খাতসমূহ ২০

২.৭. ঝুঁকি বিশ্লেষণ ঃ ২০

ছক - ০৮ ঃ আপদের ঝুঁকি বিশ্লেষণ ২১

২.৮. ঘূর্ণিঝড় আপদের জরুরী দৃশ্যপট ঃ ২১

ছক - ০৯ ঃ ১৯৬৫ সাল থেকে ঘূর্ণিঝড়ে কক্সবাজার জেলায় উল্লেখযোগ্য ক্ষয়-ক্ষতির ইতিহাস। ২১

২.৯. বিপদাপন্নতা ও সক্ষমতা ২৪

ছক - ১০ ঃ বিপদাপন্নতা ও সক্ষমতা ২৪

তৃতীয় অধ্যায় ঃ দুর্যোগ ঝুঁকি হ্রাস ২৭

৩.১. ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ ঃ ২৭

৩.১.১. ঘূর্ণিঝড়/জলোচ্ছাস্ ২৭

৩.১.২. জলাবদ্ধতা ২৭

৩.১.৩. হঠাৎ বন্যা/আকস্মিক বন্যা ২৭

৩.২. ঝুঁকি নিরসনের উপায়সমূহ চিহ্নিতকরণ ঃ ২৮

৩.২.১. ঘূর্ণিঝড়/জলোচ্ছাস ২৮

৩.২.২. জলাবদ্ধতা ২৮

৩.২.৩. হঠাৎ বন্যা/আকস্মিক বন্যা ২৮

৩.২.৪. পাহাড় ধস ২৯

৩.৩. দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা ঃ ২৯

ছক - ১১ ঃ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমূহ ঃ ২৯

চতুর্থ অধ্যায় ঃ জরুরী সাড়া প্রদান ৩৩

৪.১. উখিয়া উপজেলা জরুরী অপারেশন সেন্টার (EOC) ৩৩

ছক - ১২ ঃ ইমার্জেন্সী অপারেশন সেন্টার, উখিয়া ৩৩

৪.২. দায়িত্ব বন্টন ঃ ৩৫

ছক - ১৩ ঃ আপদকালীন সময়ে দায়িত্ব পালনের তালিকা ঃ ৩৫

৪.৩. উখিয়া উপজেলার সম্পদের ছক (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ঃ ৩৮

ছক - ১৪ ঃ উখিয়া উপজেলার সম্পদের ছক ৩৮

৪.৪. উখিয়া উপজেলার ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের তালিকা ঃ ৪০

ছক - ১৫ ঃ উখিয়া উপজেলার ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের তালিকা ৪০

ছক - ১৬ ঃ উখিয়া উপজেলার অন্যান্য অস্থায়ী জরুরী আশ্রয়কেন্দ্রের তালিকা ৪২
ছক - ১৭ ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজের তথ্য এবং বর্তমান অবস্থা ৪৩

৪.৫. উখিয়া উপজেলার বিভিন্ন হাট ও বাজারে অবস্থিত কয়েকটি পাইকারী ব্যবসায় প্রতিষ্ঠানের তালিকা। ৪৭

ছক - ১৮ ঃ উখিয়া উপজেলার দোকানের তালিকা (ইউনিয়ন ভিত্তিক) ৪৭

৪.৬. আপদকালীন তহবিল: ৪৯

পঞ্চম অধ্যায় ঃ উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা ৫০

৫.১. উখিয়া উপজেলার সমন্বয়ের ছকঃ ৫০

ছক - ১৯ ঃ আপদকালীন সময়ের সমন্বয় ছক ৫০

সংযুক্তিসমূহ ৫২

৬. সংযুক্তি ০১ ঃ (ইউনিয়ন পরিষদে প্রদত্ত জরুরী উদ্ধার ও ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম) ৫২

৭. সংযুক্তি ০২ ঃ উখিয়া উপজেলা আনসার/ভিডিপি সংঘঠনের জনবল তালিকা ৫৪

৮. সংযুক্তি ৩.১ ঃ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তালিকা (পৃষ্ঠা-১) ৫৫

৮. সংযুক্তি ৩.২ ঃ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তালিকা (পৃষ্ঠা-২) ৫৬

৯. সংযুক্তি ৩.৩ ঃ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তালিকা (পৃষ্ঠা-৩) ৫৭

১০. সংযুক্তি ০৪ ঃ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা (উখিয়া উপজেলা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত) ১ বছর মেয়াদী ৫৮

প্রথম অধ্যায় ঃ প্রেক্ষাপট ও এলাকা পরিচিতি

১.১. প্রেক্ষাপট ঃ

উখিয়া উপজেলা বাংলাদেশের কক্সবাজার জেলায় অবস্থিত। উখিয়া উপজেলাটি জেলা সদর হতে ৩০ কিঃ মিঃ দক্ষিণ-পূর্বে অবস্থিত। বাংলাদেশ ও মায়ানমারের সীমান্ত ঘেঁষে বহমান নাফ নদীর পশ্চিম তীরের পাহাড়ী এলাকায় এর অবস্থান। উপজেলার পশ্চিমে প্রায় ৩০ কিঃ মিঃ দীর্ঘ বঙ্গোপসাগরের সমুদ্র তীর রয়েছে। এই উপজেলার পূর্ব পাশে মায়ানমার এবং নাইক্ষ্যংছড়ি (বান্দরবান), পশ্চিমে বঙ্গোপসাগর, উত্তরে রামু এবং দক্ষিণে টেকনাফ উপজেলা অবস্থিত। উখিয়া উপজেলার উত্তর পাশে রয়েছে হলদিয়াপালং ইউনিয়ন, দক্ষিণে পালংখালী ইউনিয়ন, পূর্বে রত্নাপালং ইউনিয়ন ও রাজাপালং ইউনিয়নের কিছু অংশ এবং পশ্চিমে রাজাপালং ও জালিয়াপালং ইউনিয়ন রয়েছে। কক্সবাজার জেলার অন্যতম সংরক্ষিত বনাঞ্চল উখিয়ারঘাট রিজার্ভ ফরেস্ট এই উপজেলায় অবস্থিত। প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ এই উপজেলায় ঘূর্ণিঝড়, অতিবৃষ্টি, আকস্মিক বন্যা, উপকূলীয় বন্যা, ভূমিধস, জলাবদ্ধতা, ভূগর্ভের পানি শুকিয়ে যাওয়া, ভূমিকম্প এবং সুনামী আপদ জনিত ঝুঁকি আছে। প্রায় প্রতিবছর কমপক্ষে একটি ঘূর্ণিঝড় এবং এর সাথে যুক্ত অতিবৃষ্টি, জলাবদ্ধতা, আকস্মিক বন্যা, উপকূলীয় বন্যা, ভূমিধস মোকাবিলা করে এই ইউনিয়নের মানুষ টিকে আছে। এসবের সাথে যুক্ত হয়েছে মায়ানমার থেকে বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিক, যা ২০১৭ সালে চরম আকার ধারণ করে। একক ভাবে উখিয়া উপজেলায় এই জনগোষ্ঠির (রোহিঙ্গা) প্রায় ৮০.৪৭ % (২০১৯, ইউএনএইচসিআর, এর তথ্য মতে) অবস্থান করে।

এছাড়াও ঘূর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছাস মত প্রাকৃতিক দুর্যোগ প্রবণতার ক্ষেত্রে বাংলাদেশের ১৯টি উপকুলবর্তী জেলার মধ্যে কক্সবাজার অন্যতম। কক্সবাজার জেলার মোট ৮টি উপজেলার ভৌগোলিক অবস্থান বিবেচনায় উখিয়া উপজেলা একটি দুর্যোগ ঝুঁকিপূর্ণ এলাকা। বঙ্গোপসাগরের তীরে অবস্থিত পাহাড় সমেত এই ভুখন্ডে পাহাড়ী ঢলে আকস্মিক বন্যা, জলাবদ্ধতা, ঘূর্ণিঝড়, অতিবৃষ্টি অন্যতম প্রাকৃতিক দুর্যোগ যা এতদ্বাঞ্চলের মানুষের জান-মালের ব্যাপক ক্ষতি সাধন করে থাকে। এমতাবস্থায় দুর্যোগের সুনির্দিষ্ট ব্যবস্থাপনা ও ঝুঁকি হ্রাসের লক্ষ্যকে সামনে রেখে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

বর্ণিত প্রেক্ষাপটে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি তাৎক্ষণিক সিদ্ধান্ত নিয়ে দায়িত্ব বন্টনের মাধ্যমে উক্ত আপদ জনিত দুর্যোগ মোকাবিলা করে থাকে। যা সময় সাপেক্ষ এবং আপদকালীন কাজের জন্য যথেষ্ট পরিমানে সহায়ক নয়। পূর্ব অভিজ্ঞতা এবং দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির দৈনন্দিন কাজের প্রেক্ষিতে উপরোক্ত আপদ সমূহ মোকাবিলায় উপজেলা পরিষদের এই বিষয়ক সক্ষমতা বৃদ্ধির সুযোগ রয়েছে। একটি দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা এই ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখতে পারে।

স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দুর্যোগ ব্যবস্থাপনা দক্ষতা উন্নয়নে বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দীর্ঘমেয়াদী পরিকল্পনার আলোকে এ বিষয়ে উদ্যোগ নেয়া হয়, যা দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ এবং দুর্যোগের স্থায়ী আদেশাবলী, ২০১০ অনুযায়ী প্রনয়ণ করার বিধান রয়েছে। ইউরোপিয়ান ইউনিয়ন হিউম্যানিটারিয়ান এইড এন্ড সিভিল প্রোটেকশন (ECHO) এর আর্থিক সহায়তায় জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (ইউএনডিপি) এবং একশনএইড বাংলাদেশ এই কাজ বাস্তবায়ন করছে।



মানচিত্র -০১ ঃ উখিয়া উপজেলা

১.২. দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার উদ্দেশ্য ঃ

দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের প্রধান উদ্দেশ্য হলো - নির্দিষ্ট দুর্যোগ সাড়াদানে নিজস্ব সম্পদ এবং সক্ষমতার আলোকে দ্রুত / সময়মত সঠিক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে জনগণের জীবন ও সম্পদ সম্ভাব্য ক্ষয়-ক্ষতির হাত থেকে রক্ষায় উপজেলা পরিষদ এবং উপজেলা পরিষদের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে সহায়তা করা।

১.৩. দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার প্রয়োজনীয়তা ঃ

যে কোন পরিকল্পনা একটি কাজকে সহজ ও সুন্দরভাবে সম্পন্ন করতে সহায়ক ভূমিকা পালন করে। একইভাবে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা দুর্যোগের পূর্বে, দুর্যোগকালীন এবং দুর্যোগের পরে উদ্ধার ও পূনর্বাসন মূলক কাজ সঠিক সময়ে সঠিক ভাবে করতে সাহায্য করে। তাই যে কোন প্রতিষ্ঠানের একটি দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা থাকা জরুরী। স্থানীয় প্রশাসন হিসেবে জনগণের জীবন ও সম্পদ রক্ষার কাজটি সফলভাবে করার জন্য উপজেলা পরিষদের একটি দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা থাকা অত্যাবশ্যক/ অত্যন্ত জরুরী। এই পরিকল্পনা সুনির্দিষ্টভাবে নিম্নোক্ত সুবিধা প্রদান করবে-

- দুর্যোগের স্থায়ী আদেশাবলী (এসওডি) অনুসারে সমন্বিত ও সময়মত দুর্যোগ সাড়াদান;
- সঠিক সময়ে স্থানান্তর (ইভাকুয়েশন), উদ্ধার এবং প্রাথমিক চিকিৎসা নিশ্চিত করা;
- স্থানান্তরের প্রয়োজনে স্থানীয় পর্যায়ে ব্যক্তিগত ও বেসরকারি দালানকোঠা এবং যানবাহনের তালিকা প্রস্তুত করা এবং আপদকালীন সময়ে এ সকল স্থাপনা এবং যানবাহন ব্যবহারের ব্যবস্থা করা/ রিকুইজিশন নিশ্চিত করা:
- পর্যাপ্ত মানবিক সহায়তা মজুদ / বিকল্প পরিকল্পনা এবং সঠিক বন্টন নিশ্চিত করা;
- ঝুঁকিপূর্ণ এলাকা এবং অবকাঠামো চিহ্নিতকরণ;
- দ্রুত ক্ষতি নিরুপণ করা;
- সময়মত উদ্ধার পরিকল্পনা প্রস্তুত করতে সহায়তা করা;
- কার্যক্রম ও সম্পদসমূহ চিহ্নিত করা;
- উপজেলা পরিষদের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (ইউজেডডিএমসি) সদস্যদের দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করা।

১.৪. উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরির আইনগত ভিত্তি ঃ

১.৪.১. দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২

দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ এর ধারা ২০ এর উপধারা (২) অনুযায়ী উপজেলা পর্যায়ে আপদকালীন পরিকল্পনা তৈরী / প্রস্তুত করার বিধান রয়েছে। (২) উপ-ধারা (১) এ বর্ণিত পরিকল্পনার সহিত সামঞ্জস্য রাখিয়া স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহ স্ব স্ব এলাকা ও স্থানীয় আপদভিত্তিক স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করিবে।

১.৪.২. দুর্যোগ ব্যবস্থাপনার স্থায়ী আদেশাবলী, ২০১০

দুর্যোগ ব্যবস্থাপনার স্থায়ী আদেশাবলী ২০১০ অনুসারে ধারা ৩.৩.৫ এর উপধারা ৩.৩.৫.১.১১ অনুযায়ী দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরী / প্রস্তুত করার বিধান রয়েছে।

১.৪.৩. দুর্যোগ ব্যবস্থাপনা (কমিটি গঠন ও কার্যাবলী) বিধিমালা, ২০১৫

"একটি সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা তৈরি করা, যাহার মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠী, ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা কর্তৃপক্ষ এবং স্থানীয় সংগঠনসমূহ যাহাতে দরিদ্র ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর দুর্যোগ ঝুঁকিহ্রাসকরণের জন্য আয়সহ অন্যান্য সামর্থ্য বৃদ্ধিতে সহযোগিতা করিতে পারে এবং আসন্ন বিপদ সংক্রান্ত সতর্কবার্তার প্রেক্ষিতে বা দুর্যোগ সংঘটিত হইলে যাহাতে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারে তাহার ব্যবস্থা করা"

১.৫. এক নজরে উপজেলা / উপজেলা (প্রোফাইল) পরিচিতি ঃ

দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার গভীরে প্রবেশের পূর্বে দেখে নেয়া যাক উখিয়া উপজেলার সার্বিক চিত্র। এই উপজেলায় বর্তমানে মোট জনসংখ্যা ২,৪১,১৪৪ (আইএসসিজি, নভেম্বর ২০১৮) জন। এখানকার বেশিরভাগ জনগণ কৃষি ও শ্রমজীবী; এছাড়াও রয়েছে উল্লেখযোগ্য সংখ্যক মৎসজীবি। এখানে রয়েছে বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠান। এর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যাই বেশি। নিচের ছকে এক নজরে উপজেলা পরিচিতি উপস্থাপন করা হলো।

ছক - ০১ ঃ এক নজরে উপজেলা পরিচিতি

আয়তন	২৬১.৮০ বর্গ কিঃ মিঃ	ধর্মীয় প্রতিষ্ঠানঃ মসজিদ হিন্দু মন্দির বৌদ্ধ মন্দির কবরস্থান হিন্দু শ্মশান বৌদ্ধ শ্মশান	 ৩৮৮ টি ৪৩ টি ৩৭ টি ১৭৫ টি ৯ টি ১৯ টি
গ্রাম ওয়ার্ড	১১৮ টি ৪৫ টি	প্রধান প্রধান পেশাঃ	কৃষিজীবী, পান ও সুপারী চাষী, মৎস্যজীবী, চাকুরী, ব্যবসা, অন্যান্য
মৌজা ইউনিয়ন	১৩ টি ৫ টি	গভীর নলকূপ অগভীর নলকূপ	১৩৯৫ টি ১৬৩১ টি
হাট-বাজার	হাট = ৬ টি বাজার = ১২ টি	কৃষি জমির পরিমান মোট আবাদযোগ্য জমির পরিমান চিংড়ি চাষ	২৬,১৮০ হেক্টর প্রায় ১০,৮৫১ হেক্টর ৭০০ একর প্রায়
বেড়িবাঁধ সুইচ গেট রাবার ড্যাম	৩ টি, ২০ কিঃ মিঃ (প্রায়) ২ টি ২ টি	যোগাযোগ ব্যবস্থাঃ কালভার্ট ব্রীজ কাঁচা রাস্তা পাকা রাস্তা HBB	 ৪২১ টি ১৮২ টি ৪১৭ কিঃ মিঃ ৯৭.৫ কিঃ মিঃ ১১৩ কিঃ মিঃ

লোকসংখ্যা ঃ পুরুষ মহিলা	২,০৭,৩৭৯ জন ১,০৪,৫৬৭ জন ১,০২,৮১২ জন (২০১১ সালের আদমশুমারী অনুযায়ী); ২,৪১,১৪৪ জন (আইএসসিজি, নভেম্বর ২০১৮)	মুসলিম হিন্দু বৌদ্ধ অন্যান্য	১,৮৯,৮২১ জন ৪,৩৪০ জন ১৩,০০০ জন ২১৮ জন
পরিবার সংখ্যা	৩৭, ৯৪০ টি ৪৪, ১২৮ টি (আইএসসিজি, নভেম্বর ২০১৮)	চিংড়ি ঘের চাষযোগ্য জলাশয় মোট পুকুর	৮৮৬ হেক্টর ১৪৮ হেক্টর ১৪০২ টি
ভোটার সংখ্যাঃ পুরুষ মহিলা	১,০৬,৪৪৫ জন ৫৩,১৬৪ জন ৫৩,২৪০ জন	নিবন্ধিত মৎস্যজীবী অনিবন্ধিত জেলে সংখ্যা	৩,৩৯২ জন ৪০০ প্রায়
শিক্ষা প্রতিষ্ঠানঃ		আশ্রয়ণ/আবাসন/গুচ্ছগ্রাম	৪ টি
সরকারি প্রাথমিক বিদ্যালয়	৭৮ টি	সরকারী প্রতিষ্ঠানঃ	
উচ্চ বিদ্যালয়	১৭ টি	ইউনিয়ন ভূমি অফিস	৩ টি
নিম্ন মাধ্যমিক বিদ্যালয়	১ টি	বন বিট অফিস	৯ টি
কমিউনিটি প্রাঃ বিঃ	-	ডাকঘর	৬ টি
এবতেদায়ী মাদ্রাসা	১১ টি	কমিউনিটি ক্লিনিক	১৭ টি
দাখিল মাদ্রাসা	১১ টি	পরিবার পরিকল্পনা কেন্দ্র/মা ও শিশু স্বাস্থ্যসেবা কেন্দ্র	৩ টি
আলিম মাদ্রাসা	২ টি	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	১ টি
ফাজিল মাদ্রাসা	১ টি	এ্যামবুলেন্স - উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	৩ টি (সচল ১ টি, নষ্ট ২ টি)
বালিকা দাখিল মাদ্রাসা	২ টি	এ্যামবুলেন্স - বেসরকারি এনজিও কর্তৃক সরবরাহকৃত	২ টি
কিন্ডার গার্টেন (কে.জি)	৩৩ টি	পুলিশ থানা	১ টি
ডিগ্রি কলেজ	১ টি (বেসরকারী)	কাস্টমস অফিস	১ টি
মহিলা কলেজ	১ টি	ফায়ার সার্ভিস স্টেশন	১ টি
টেকনিক্যাল কলেজ	১ টি	ব্যাংক ও অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানঃ	
এতিমখানা	৯ টি	ব্যাংক	৭ টি
শিক্ষার হার	৩৬.৩%	প্রাইভেট হাসপাতাল	৩ টি
স্যানিটারী টয়লেট ব্যবহার কারী পরিবারের সংখ্যা	৭৩ % (প্রায়)	প্রাইভেট ক্লিনিক	৩ টি
বিপদাপন্ন জনগোষ্ঠী (সম্ভাব্য)ঃ ভূমিহীন কৃষক পরিবার বয়স্ক মানুষ বিধবা প্রতিবন্ধি মহিলা (দুস্থ) শিশু	 ৮,২২৮ টি (০ - ০.৪৯ একর) ১০,১৬১ জন ১,৮১২ জন ৮০ জন ৮৯,২৮৬ জন (ছেলে শিশু = ৪৫,৫৩৫ টি এবং মেয়ে শিশু = ৪৩,৭৫১ টি), (১ - ১৫ বছর বয়সী শিশুর সংখ্যা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উখিয়া, ২০১৯)	এনজিও আন্তর্জাতিক এনজিও ইউএন এজেন্সি	৫৩ টি ৭৫ টি ৮ টি
সাইক্লোন সেন্টার	৪৬ টি (ধারণক্ষমতা ১৮,১৬৫ জন)	রোহিঙ্গা ক্যাম্প (উখিয়া) রোহিঙ্গা'র সংখ্যা (উখিয়া) রোহিঙ্গা'র সংখ্যা (মোট) ক্যাম্পের বাহিরে রোহিঙ্গা জনগোষ্ঠীর সংখ্যা (নো ক্যাম্প)	২৬ টি ৭,৪১,৭২০ জন ৯,১২,৮৫২ জন ৭,০৯৪ জন (আগস্ট ২০১৯, ইউএনএইচসিআর তথ্য মতে)

তথ্য সূত্র ঃ উপজেলা প্রশাসন, উখিয়া

১.৬. উখিয়া উপজেলার এলাকা পরিচিতি ঃ

উখিয়ার প্রাচীন ইতিহাস তেমন উল্লেখযোগ্য নয়। যার কারণে এর সঠিক ও সঠিক ইতিহাস এখনো সম্পূর্ণভাবে জ্ঞাত হয়নি। উল্লেখ আছে এক সময় সমগ্র উপজেলাটি গভীর জঙ্গলে পরিপূর্ণ ছিল। ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর রেকর্ডপত্রে উখিয়ার শব্দের ব্যবহার ব্যাপকভাবে দেখা যায়। ইতিপূর্বে উখিয়া শব্দটি তেমন উল্লেখযোগ্য ভাবে আলোচিত হয়নি। ১৮১৪ সালে ইষ্ট ইন্ডয়া কোম্পানীর রেকর্ডপত্রে উখিয়ার ঘাট শব্দের উদ্ভব । জনশ্রুত আছে যে, রোসাঙ্গ যেতে এই উখিয়ার ঘাট পার হয়ে যাওয়া ছাড়া অন্য কোন ব্যবস্থা ছিল না। তৎকালীন সময়ে এই উখিয়া ঘাটের ট্যাক্স আদায় করার দায়িত্বে ছিলেন 'উখি' নামের বার্মিজ ভাষাভাষি এক মগ। কালের বিবর্তনে তার নামানুসারে ঐ ঘাটের নাম হয় উখি আ' শব্দটি। এই উখি আ' ঘাট বাক্য থেকে পরবর্তীতে ঘাটটি বিলুপ্ত হয়ে উখিয়া হয়ে গেছে বলে অনুমান করা হয়। উখিয়া উপজেলা কক্সবাজর জেলার দক্ষিণ র্পুব দিকে অবস্থিত একটি উপজেলা। উখিয়া উপজেলার দক্ষিণে টেকনাফ উপজেলা এবং পশ্চিমে ইনানী বিচ আর পূর্বে মায়ানমার সীমান্তবর্তী এলাকা এবং বান্দরবান পার্বত্য জেলা। উখিয়া উপজেলায় বন, পাহাড়, সমূদ্র সৈকত ছাড়াও চিংড়ী হ্যাচারীসহ অনেক সম্পদ ও স্থাপনা রযেছে।

১.৭. উখিয়া উপজেলার ভৌগলিক অবস্থান ঃ

উখিয়া কক্সবাজার জেলার একটি উপজেলা। উখিয়া উপজেলার দক্ষিণে টেকনাফ উপজেলা, পূর্বে নাফ নদী ও বান্দরবান পার্বত্য জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলা, উত্তরে রামু উপজেলা ও পশ্চিমে বঙ্গোপসাগর। দক্ষিণে টেকনাফ উপজেলা সীমানা। উখিয়া ২১.০৮ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে উত্তর অক্ষাংশ ও ৯২.০৩ দ্রাঘিমাংশ হতে এবং ৯২.১২ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত। উখিয়া উপজেলা সদর কক্সবাজার জেলার সদর থেকে ৩০ কিলোমিটার দক্ষিণ-পূর্বে অবস্থিত। ভূ-প্রাকৃতিক অবস্থার দিকে দিয়ে উখিয়া উপজেলার একটি বৈচিত্র রয়েছে। উপজেলার একদিকে সাগর ও সমুদ্র তীরবর্তী নিচু এলাকা, অন্যদিকে রয়েছে সুউচ্চ পাহাড় ও বনভূমি। মধ্যখানে সমতল ভূমি উপজেলার কৃষি উৎপাদনকে সমৃদ্ধ করেছে। এলাকার মাটি বেলে ও দোআঁশ দিয়ে গঠিত। সমুদ্র তীরবর্তী অঞ্চল এটেল আর বালি মাটির সংমিশ্রন। সাগর পাড়ের মাটি বেলে।

এই উপজেলার প্রাকৃতিক সম্পদের সমাহার যেমন বিশেষভাবে সমুদ্র সৈকত উল্লেখ্যযোগ্য। এছাড়াও রয়েছে পাহাড়, সংরক্ষিত বনভূমি, খাল, জমি, গাছ-পালা, মৎস্য সম্পদ, পশু ও পাখি ইত্যাদি। উখিয়া উপজেলার কয়েকটি পরিচিত খাল রয়েছে যেমন রেজু খাল, বড় ইনানী খাল, ছোট ইনানী খাল, মাছকারিয়া খাল, বালুখালী খাল, থিমছড়ি খাল, পালংখালী খাল, হিজলিয়া খাল, থাইংখালী খাল, ছোয়ানখালী খাল, দোছড়ি খাল, রত্নাপালং খাল উল্লেখযোগ্য।

১.৮.   আয়তন ঃ

উখিয়া উপজেলার মোট আয়তন ২৬১.৮০ বর্গকিলোমিটার বা ৪১,১৪৩ একর। উখিয়া উপজেলাটি মোট ৫টি ইউনিয়ন নিয়ে গঠিত। উপজেলার উত্তরের দিকে রয়েছে হলদিয়াপালং ইউনিয়ন এবং দক্ষিণ দিকে রয়েছে পালংখালী ইউনিয়ন। উখিয়ার পূর্বদিকে রত্নাপালং ও রাজাপালং এর কিছু অংশ এবং পশ্চিম দিকে রয়েছে রাজাপালং ও জালিয়াপালং ইউনিয়নের অবস্থান।

দ্বিতীয় অধ্যায় ঃ দুর্যোগ, আপদ ও ঝুঁকি

২.১. দুর্যোগের সার্বিক ইতিহাস

কক্সবাজার জেলা হতে ৩২কি.মি. দক্ষিণে বঙ্গোপসাগরে কুল ঘেষে পাহাড় বেষ্টিত উখিয়া উপজেলা। বঙ্গোপসাগরের সন্নিকটে হওয়ার কারণে বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগ বিশেষতঃ ঘূণিঝড়, সামুদ্রিক জলোচ্ছাস, পাহাড়ী ঢল ও আকস্মিক বন্যা, পাহাড় কাটা, কালবৈশাখী/বজ্রপাত, ধান-পানে পোকার আক্রমণ, লবনাক্ততা ইত্যাদির প্রভাবে এসকল অঞ্চলের মানুষ নানাভাবে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকির মধ্যে বসবাস করে। এই উপজেলার প্রধান দুর্যোগের মধ্যে পাহাড়ী ঢলে বন্যা, ঘূণিঝড়, জলাবদ্ধতা,গ্রীষ্ম মৌসুমে সেচ সমস্যা, খাল পাড় ভাঙ্গন, হাতির আক্রমণ, পাহাড় কাটা, বৃক্ষ নিধন, কালবৈশাখী ঝড়, বজ্রপাত, অতিবৃষ্টি উল্লেখযোগ্য।

বিশেষভাবে বছরের মার্চ-মে এবং অক্টোবর মাসে এই উপজেলায় পাহাড়ী ঢলের কারণে বন্যা, খাল পাড় ভাঙ্গন, হাতির আক্রমণ, পাহাড় কাটা, বৃক্ষ নিধন এর কারণে প্রাকৃতিক দুর্যোগ হানা দেয়। যেহেতু পাহাড়ী অঞ্চল বঙ্গোপসাগরের কুলবর্তী অঞ্চল হওয়ার কারণে খুব সহজে এই প্রাকৃতিক দুর্যোগের শিকার এবং ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। সেই সাথে সামুদ্রিক জলোচ্ছাস এ অঞ্চলের মানুষদের বিপদাপন্ন করে তোলে।

অতীতের রেকর্ড থেকে দেখা যায় যে, ১৯৯১ সালে ঘূর্ণিঝড়ে জালিয়াপালং ইউনিয়নে ১২ ফুট উচ্চতায় জলোচ্ছাস হয়েছিল এবং বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়। ১৯৯১, ১৯৯৪, ১৯৯৭ সালে জলোচ্ছাস ও ঘূর্ণিঝড়ের প্রবল বাতাসে গাছপালা, পাহাড়ী বন সম্পদ বা বনবৃক্ষের ব্যাপক ক্ষতি সাধিত হয় যা পূরণ করার মত নয়। সাধারণত বর্ষা মৌসুমে সামুদ্রিক জোয়ার ৩-২০ ফুট উচ্চতায় প্লাবিত হয়ে থাকে এবং ৬ ঘন্টা পর্যন্ত স্থায়ী হয়। উপজেলার ৫টি ইউনিয়ন পাহাড় বেষ্টিত হওয়ায় দ্রুত পানি নেমে যায়।

উখিয়া উপজেলার ঘূর্ণিঝড় সাধারণতঃ দক্ষিণ-পশ্চিম দিক হতে আসে এবং জলোচ্ছাস পশ্চিম দিক থেকে ধেয়ে আসে। প্রাকৃতিক দুর্যোগের কারণে এলাকার অধিবাসীদের নানাবিধ সমস্যা ও অসুবিধার সম্মুখীন হতে হয়। যেমন বসতবাড়ি ধ্বংস হয়ে যাওয়া, পানীয় জলের দুস্প্রাপ্যতা, যাতায়াতের সমস্যা, শিক্ষা প্রতিষ্ঠান ধ্বংস হবার কারণে শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়, সাধারণ মানুষের স্বাস্থ্যের মারাত্মক হানি হয়ে থাকে।

ছক - ০২ ঃ উখিয়া উপজেলার দুর্যোগের সার্বিক ইতিহাস

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন কোন খাতে উৎপাদন ক্ষতিগ্রস্থ হয়
বন্যা	২০১০	• ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫টি • ক্ষতিগ্রস্থ এলাকা ৬৪.৫ বর্গকি.মি. • ক্ষতিগ্রস্থ পরিবার ১,৮৩৯টি আংশিক ৩,৯৭৩টি • ক্ষতিগ্রস্থ লোক ১৯৫জন ও আংশিক ১৯,৮৬৫জন • মৃত্যুর হার- ৯জন	অবকাঠামো, রাস্তা, গবাদি পশু, ফসলি জমি, ধান, পান বরজ, সুপারি বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ী চাষ, হ্যাচারী, আবাসিক, বনভূমি, ঘরবাড়ি ইত্যাদি।

		• ১০,৮৯২ একর জমির ২০% ফসল ক্ষতি হয় যার মুল্য প্রায় ২ কোটি টাকা। • চিংড়ি/মৎস্য, খামার/হ্যাচারী খাতে ২২৯৭ একর জমিসহ প্রায় ১০ কোটি টাকা। • ২৮১টি নলকূপ, জলাশয় রাস্তাঘাটসহ অন্যান্য খাতে ক্ষতি প্রায় ২০ কোটি টাকা।	
ঘূর্ণিঝড় আইলা	২০০৯	• ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫ টি • ক্ষতিগ্রস্থ পরিবার ৮৭টি আংশিক ৩,৯৭৩টি • ক্ষতিগ্রস্থ লোক ৬১০জন • মৃত্যুর হার- ১জন • ৫,০০০ একর জমির ১৫% ফসল ক্ষতি হয় যার প্রায় ১ কোটি টাকা। • চিংড়ি/মৎস্য/হ্যাচারী খাতে ১০০০ একর জমিসহ প্রায় ২ কোটি টাকা।	অবকাঠামো, রাস্তা, গবাদি পশু, ফসলি জমি, ধান, পান বরজ, সুপারি বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ীর ঘের, বনভূমি, ঘরবাড়ি ইত্যাদি।
ঘূর্ণিঝড়	১১৯৭	• ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫ টি • ক্ষতিগ্রস্থ পরিবার ১৯,৯০০টি • ক্ষতিগ্রস্থ লোক ৯৬,৪৮৮জন • মৃত্যুর হার- ৩জন (আহত-৩০০) • গবাদি পশু মৃত্যু সংখ্যা- ৪৭২ এ খাতে ক্ষতির পরিমাণ ২৫ লক্ষ টাকা • টেলিযোগাযোগ খাতে ১০ লক্ষ টাকা • ১৫টি শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হয় যার মুল্য ২০ লক্ষ টাকা • ১৫০টি মসজিদ ও মন্দিরের ক্ষতি হয় যার মূল্য ৩০ লক্ষ টাকা • ২,৫০০ একর জমির ফসলের ক্ষতি হয়, ৩০০ একর পান বরজ ক্ষতি হয় যার মূল্য প্রায় ১০ কোটি টাকা। • চিংড়ি/মৎস্য, খামার/হ্যাচারী খাতে ২,৪০০ একর জমিসহ প্রায় ৭ কোটি টাকা। • নলকূপ, বনভূমি, রাস্তাঘাটসহ গাছপালার ক্ষতি হয়, পান বরজ, সুপারি বাগান, ঘরবাড়ি সহ ব্যাপক ক্ষতি হয়। যার মূল্য ৫০ কোটি টাকা।	অবকাঠামো, রাস্তা, বেড়িবাঁধ, গবাদি পশু, ফসলি জমি, ধান, পান বরজ, সুপারি বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ীর ঘের,বনভূমি, ঘরবাড়ি ইত্যাদি।
ঘূর্ণিঝড়	১৯৯৪	• ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫ টি • ক্ষতিগ্রস্থ পরিবার ২২,০০০টি • ক্ষতিগ্রস্থ লোক ১৯,৮৬৫জন • মৃত্যুর হার- ৪০জন (বিদেশী-৭) • গবাদি পশু মৃত্যু সংখ্যা- ৪০০ এ খাতে ক্ষতির পরিমাণ ৩৫ লক্ষ টাকা	অবকাঠামো, রাস্তা, বেড়িবাঁধ, গবাদি পশু, ফসলি জমি, ধান, পান বরজ, সুপারি বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ীর ঘের, বনভূমি, ঘরবাড়ি ইত্যাদি

		● টেলিযোগাযোগ খাতে ১০ লক্ষ টাকা ● ৪৫টি শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হয় যার মুল্য ১,৪৭,৩০,০০০ টাকা ● ১৬৫টি মসজিদ ও মন্দিরের ক্ষতি হয় যার মূল্য ৪৫ লক্ষ টাকা ● ৩৭৮০ একর জমির ফসলের ক্ষতি হয়, ৪০০ একর পান বরজ ক্ষতি হয় যার মূল্য প্রায় ১৫ কোটি টাকা। ● চিংড়ি/মৎস্য, খামার/হ্যাচারী খাতে ২,৫০০ একর জমিসহ প্রায় ৮ কোটি টাকা। ● নলকূপ, বনভূমি, রাস্তাঘাটসহ অন্যান্য খাতে ক্ষতি হয় প্রায় ১৫ কোটি টাকা। ডিআরআরও তথ্য মতে ১৯৯৪ সালের ঘূর্ণিঝড়ে ক্ষতির পরিমাণ ৮০ কোটি ৪৯ লক্ষ টাকা।	
ঘূর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছাস	১৯৯১	● ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫ টি ● ক্ষতিগ্রস্থ পরিবার ১২,৫৫০টি ● ক্ষতিগ্রস্থ লোক ৬৭,২৫০জন ● মৃত্যুর হার- ১৩জন, আহত-৯৭২০ জন ● গবাদি পশু মৃত্যু সংখ্যা- ৯৮২০ ● ক্ষতিগ্রস্থ কৃষি জমি- ৩৬৫০ একর ● টেলিযোগাযোগ খাতে ক্ষতিগ্রস্থ ১ কোটি ১০ লক্ষ টাকা ● ৮৪টি শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হয় ● ১৫০০ একর পান বরজ ক্ষতি হয় ● বনজ সম্পদ/গাছপালার সংখ্যা ২,২০,০০০টি ● ক্ষতিগ্রস্থ চিংড়ী জমি- ২৭৫ একর ● ক্ষতিগ্রস্থ রাস্তা- ১৪৪ কি.মি. ● বিদ্যুৎ খাতে ৩৩ লক্ষ টাকা ● নলকূপ, বনভূমি, রাস্তাঘাটসহ অন্যান্য খাতে ব্যাপক ক্ষতি হয় ডিআরআরও তথ্য মতে ১৯৯১ সালের ঘূর্ণিঝড়ে ক্ষতির পরিমাণ ১০৯ কোটি ৩৬ লক্ষ টাকা।	অবকাঠামো, রাস্তা, বেড়িবাঁধ, গবাদি পশু, ফসলি জমি, ধান, পান বরজ, সুপারি বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ীর ঘের, বনভূমি, ঘরবাড়ি ইত্যাদি।

তথ্য সূত্র ঃ উখিয়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১৪

২.২. উখিয়া উপজেলার আপদসমূহ ঃ

ছক - ০৩ ঃ উখিয়া উপজেলার আপদের তালিকা

ক্রমিক নং	আপদ	ক্রমিক নং	অগ্রাধিকার ভিত্তিতে
১.	ঘূর্ণিঝড়/জলোচ্ছাস	১.	পাহাড়ী ঢল/বন্যা
২.	পাহাড়ী ঢল/বন্যা	২.	ঘূর্ণিঝড়/জলোচ্ছাস
৩.	অতিবৃষ্টি	৩.	অতিবৃষ্টি
৪.	খরা/সেচ সমস্যা	৪.	কালবৈশাখী/বজ্রপাত
৫.	কালবৈশাখী/বজ্রপাত	৫.	জলাবদ্ধতা
৬.	জলাবদ্ধতা	৬.	খরা/সেচ সমস্যা
৭.	বন্যহাতির আক্রমণ	৭.	বন্যহাতির আক্রমণ

তথ্য সূত্র ঃ উখিয়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১৪

২.৩. বিভিন্ন আপদ তার বর্তমান ও ভবিষ্যত চিত্রের বিস্তারিত বর্ণনা ঃ

ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস ঃ এ অঞ্চলে বসবাসকারী মানুষের কাছে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস সর্বাপেক্ষা বড় আপদ। ১৯৯১ সালের ২৯ এপ্রিল এ অঞ্চলের উপর দিয়ে বয়ে যাওয়া ঘূর্ণিঝড় এখনো স্থানীয় অধিবাসীদের কাছে একটি বিভীষিকাময় স্মরণীয় অধ্যায়। স্বজন হারানোর বেদনা এখনো তাদেরকে তাড়িয়ে বেড়ায়। গত দশকে ১৯৯১ এর ২৯ই এপ্রিল, ১৯৯৪ এর ২রা মে, ১৯৯৫ সালের ১৫ই মে, ১৯৯৭ সালের ১৯ই মে ও ১৯৯৮ সালের ২০ই মে, ২০০১ সালের, ২০০৪ সালের ১৫ই মে ও ২০০৭ সালের ১৪ই মে উখিয়া উপজেলার উপর দিয়ে ঘূর্ণিঝড় প্রবাহিত হয়। এতে অনেক পরিবার তাদের আত্মীয়-স্বজন হারিয়েছেন, অনেকে বেঁচে থাকার সম্বল হারিয়েছেন। উখিয়ায় ঘটে যাওয়া বিভিন্ন ঘূর্ণিঝড়ে ১৬০কিঃমিঃ এর বেশি বাতাসের গতি বেগ লক্ষ্য করা গেছে। সাইক্লোনের প্রচন্ড গতির টানে বিরাট জলরাশিসহ সমুদ্র উপকুল এবং উখিয়ার জালিয়াপালং সহ ৫টি ইউনিয়নের উপর দিয়ে অতিক্রম করে সবকিছু ভাসিয়ে নিয়ে যায়। এ জলোচ্ছাসে ৩ ফুট থেকে ২০ ফুট পর্যন্ত পানির উচ্চতা ছিল। (সূত্র: পিআইও দপ্তর; সিপিপি)

পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যা ঃ উখিয়া উপজেলায় অতিবৃষ্টির কারণে পাহাড়ী ঢলের ফলে বন্যা সংঘটিত হয়। এ বন্যায় ধান, সবজি, ঘরবাড়ি. রাস্তাঘাট এবং বাঁধ ক্ষতিগ্রস্থ হয়। উখিয়া উপজেলায় ১৯৮৮,১৯৯৮,২০১০ সালে সংগঠিত ভয়াবহ পাহাড়ী ঢলের বন্যায় প্রতিটি ইউনিয়নেই ক্ষতিগ্রস্থ হয়। পাহাড়ী ঢলের কারণে খাল, নদী ভাঙ্গনের প্রবণতা বেশি দেখা যায়। ফলে বসতবাড়ি ও কৃষি জমি বিলীন হওয়ার পাশাপাশি যোগাযোগ ব্যবস্থার বাধাগ্রস্থ হয় পাহাড় থেকে সৃষ্ট খাল, ছড়া ও রেজু, কোহেলিয়া, প্রবাহিত এলাকা, নিম্ন ও সমভূমি অঞ্চল প্লাবিত করে। পাহাড়ী বন্যায় ধান, সবজি, ঘরবাড়ি. রাস্তাঘাট, যোগাযোগ, বিদ্যুৎ, অবকাঠামো এবং বাঁধ এর ব্যাপক ক্ষতিগ্রস্থ করে। পাহাড়ী ঢল সৃষ্ট হলে উখিয়ায় সব কয়টি ইউনিয়ন অধিবাসীদের স্বাভাবিক জীবনধারা ক্ষতিগ্রস্থ হবে। অবকাঠামো, স্থানীয় সম্পদ, রাস্তাঘাট, গবাদি পশু, ফসলি জমি,ধান, পান বরজ, বনসম্পদ, ঘরবাড়ি ইত্যাদি ক্ষতিগ্রস্থ হবে।

অতিবৃষ্টি : উখিয়া উপজেলার জালিয়াপালং,রাজাপালং,রত্নাপালং,হলদিয়াপালং,পালংখালি ইউনিয়নে প্রতি বছর প্রচুর বৃষ্টি হয়। প্রতিটি ইউনিয়নে পাহাড় থাকার কারনে পাহাড়ী ঢলের ফলে বন্যা হয়। অতি বৃষ্টির কারনে ধান,সব্জী,ঘরবাড়ী রাস্তাঘাট এবং বাঁধ ক্ষতিগ্রস্ত হয়। উখিয়া উপজেলায় ১৯৮৮,১৯৯৮,২০১০ সালে অতিবৃষ্টি হয়। পাহাড়ী ঢলের বন্যায় প্রতিটি ইউনিয়নেই ক্ষতিগ্রস্ত হয়। জালিয়াপালং ইউনিয়নের প্রায় জায়গায় পশ্চিমের মেরিন ড্রাইভ সড়ক বা বেড়ীবাঁধ না থাকায় লবনাক্ত

পানি দ্বারা প্লাবিত হয় ফলে প্রায় ১৫০০ একর ফসলী জমীতে চাষাবাদ করা সম্ভব হবে না। উপজেলার ৫টি ইউনিয়নে নাফ নদী, দু'ছড়ি রেজুর খাল, গয়ালমারা খাল, বালুখালী খাল, থাইংখালী খাল, পাগলীবিল খাল, চেইংচুরি খাল, ইনানী খাল, ছেপটখালী, চোয়াংখালী ও মনখালী খাল এলাকা প্লাবিত হয়। ঘরবাড়ি নষ্ট হয়।

খরা/সেচ সমস্যা ঃ উপজেলার পালংখালী ইউনিয়নে মাঘ-বৈশাখ মাসে এখানকার খালবিলের পানি শুকিয়ে যায় এবং ভূ-গর্ভাস্থ পানির স্তর নিচে নেমে যায়। ফলে ফসলের উৎপাদন হ্রাস পায়। লোকজনের অসুখ-বিসুখ বেড়ে যায়। এ অবস্থা অব্যাহত জনজীবন, পরিবেশ মারাত্মক বিপদের সম্মুখীন হতে পারে।

কালবৈশাখী ঃ প্রতি বছর বৈশাখ-জৈষ্ঠ মাসে উপজেলার প্রায় ইউনিয়নে কালবৈশাখী হয়। অধিকাংশ জনগন গরীব হওয়ায় দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা কালবৈশাখী সহনীয় নয়। বড় আকারে কালবৈশাখী হলে বা আঘাত হানলে ব্যাপক ক্ষয়ক্ষতির সম্ভাবনা রয়েছে।

জলাবদ্ধতা ঃ উপজেলার অধিকাংশ ইউনিয়নের ভুমি উচু ফলে দীর্ঘমেয়াদী বন্যার সৃষ্টি হয় না। তবে অতিবৃষ্টির ফলে পাহাড়ী ঢলে অনেক স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হয়। বাঁধ নির্মাণ, গাইড ওয়াল নির্মাণ ও রাস্তার দু'পাশে বৃক্ষ রোপন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে ভবিষ্যতে ক্ষয়ক্ষতির মাত্রা কমে আসবে।

বন্যহাতির আক্রমণ ঃ উখিয়া উপজেলার ৬৪,৬৬৫ একর জমির মধ্যে ৩২,০৬৩ একর পাহাড়ী বনভূমি হাতি অভয়ারণ্য হিসেবে নাম ছিল। এ পাহাড়ী অঞ্চলে অনেক বন্য প্রাণী বাস করে এবং এ প্রাণীর আক্রমণে কৃষি জমির ফসল ক্ষতিগ্রস্থ হয়। বিশেষ করে ফসল কাটার সময় বন্যহাতির আক্রমণ হয়ে থাকে। হাতির আক্রমণে অনেক ঘরবাড়ি ভাংচুরসহ মানুষ ও গবাদিপশু মৃত্যু ও হুমকির কারণ হয়ে দাঁড়ায়।

২.৪. আপদের মৌসুমী দিনপঞ্জি ঃ

ছক - ০৪ ঃ আপদের মৌসুমী দিনপঞ্জি



(তথ্যসূত্র জেলা আবহাওয়া অফিস)

চিত্র - ০১: আপদের মৌসুমী দিনপঞ্জি

মৌসুমী দিনপঞ্জী বিশ্লেষণঃ

- ঘূর্ণিঝড়ঃ উখিয়া উপজেলায় ঘূর্ণিঝড় একটি অন্যতম আপদ। সাধারণতঃ বৈশাখ ও জৈষ্ঠ্য মাস এবং আশ্বিন ,কার্তিক ও অগ্রহায়ণ মাসে ঘূর্ণিঝড় বেশী আঘাত হানে। ঘুর্ণিঝড়ে এখানকার কাঁচা ঘরবাড়ি, পানের বরজ, কৃষি ফসল, গাছপালার ব্যাপক ক্ষতি অন্যদিকে ঘূর্ণিঝড়ের কারণে সৃষ্ট সামুদ্রিক জলোচ্ছাসের কারণে গ্রামীণ সড়ক, কাঁচা ঘরবাড়ি এবং ফসলের মারাত্মক ক্ষতি হয়। তাছাড়া প্লাবিত জমিতে লবনাক্ততার পরিমাণ বেড়ে যায়। জৈষ্ঠ্য মাসের মাঝামাঝি সময় থেকে অগ্রহায়ণ মাসের অর্ধেক সময় অবধি এই দুর্যোগ বেশী সংঘটিত হয়।
- অতিবৃষ্টিঃ এই উপজেলার অধিবাসিদের মতে এ অতিবৃষ্টি অঞ্চলের জন্য একটি মাঝারি প্রকৃতির আপদ। অতিবৃষ্টির ফলে জলাবদ্ধতা তৈরী হয় এবং নিন্মাঞ্চলের ফসল ও কাঁচা ঘরবাড়ি ক্ষতিগ্রস্থ হয়।বছরের আষাঢ়-শ্রাবণ মাসে এর প্রভাব বেশী।
- পাহাড়ি ঢল/বন্যাঃ ভৌগলিক অবস্থান ও ভূ-প্রাকৃতিক কারণে এই জনপদে অনেক ছোট বড় খাল,ছড়া রয়েছে। বর্ষা মৌসুমে অতিবৃষ্টির সময়ে এই সমস্ত খাল ও ছড়া বেয়ে নেমে আসা পাহাড়ি ঢল বৃষ্টির পানিতে অনেক এলাকা তলিয়ে যায়। তাই এটি উখিয়া উপজেলার জন্য মারাত্মক ঝুঁকি সৃষ্টিকারী আপদ। এই আপদের কারণে ফসল, বীজতলা,পুকুর ও ঘেরের মাছ ভেসে যায় এবং অপেক্ষাকৃত নিচু এলাকায় কাঁচা ঘরবাড়ি ভেঙ্গে যায়।
- খরা/সেচ সমস্যাঃ বছরের বৈশাখ, চৈত্র ও ফাল্গুন মাসে খরার প্রভাব দেখা যায়। এ সময় সেচের ক্ষেত্রেও সমস্যা পরিলক্ষিত হয়। এতে ফসল উৎপাদন ব্যহত হয় এবং পানীয় জলের অভাব দেখা দেয়।
- কালবৈশাখীঃ কালবৈশাখীর কারণে পানের বরজ, ধান ও অন্যান্য ফসলের ক্ষতি হয়। তাছাড়া ব্যাপক পরিমাণ গাছ উপড়ে পড়ে এবং কাঁচা ঘরবাড়ী ভেঙ্গে যায়। কালবৈশাখী প্রধানতঃ বৈশাখ-জৈষ্ঠ্য মাসে আঘাত করে থাকে।
- জলাবদ্ধতাঃ উখিয়া উপজেলার বিভিন্ন এলাকায় জলাবদ্ধতা অতিসম্প্রতি ব্যাপক আকার ধারন করেছে। পানির প্রবাহের পথ সংকুচিত হওয়া,খাল-ছড়া ভরাট হয়ে যাওয়া সহ নানা কারণে আষাঢ়,শ্রাবন ও ভাদ্র এই তিন মাসে জলাবদ্ধতার সৃষ্টি হয়।
- বন্য হাতির আক্রমনঃ বনভুমি সহ উখিয়ার বিভিন্ন এলাকায় বন্যহাতি ফসল নষ্ট করে এবং লোকালয়ে প্রবেশ করে মানুষের উপর আক্রমন করে এবং গাছপালা-বাড়ীঘর ভেঙ্গে ফেলে। বছরের আষাঢ়, শ্রাবন, ভাদ্র, অগ্রহায়ন ও পৌষ মাসে বন্যহাতির আক্রমন বেশি হয়ে থাকে।

ছক - ০৫ ঃ প্রতিটি খাত/প্রতিষ্ঠান/স্থাপনার বিপদাপন্নতা

খাত/প্রতিষ্ঠান/স্থাপনাসমূহ	কেন বা কিভাবে বিপদাপন্ন	কি করলে বিপদাপন্নতা কমবে
পরিবেশ	পাহাড়, বৃক্ষ নিধন এর কারনে গাছ পালা কমে গিয়ে পরিবেশ ভারসাম্য হারিয়ে তাপমাত্রা বৃদ্ধি পেয়ে পরিবেশের উপর বিরুপ প্রভাব দেখা যায়।	পরিবেশের প্রয়োজনীয়তা, উপকারিতা সর্ম্পকে জনগনকে সচেতন করতে হবে। পাহাড়কাটা বন্ধের আইন কঠোর ভাবে বাস্তবায়ন করা। ইউনিয়ন পরিষদের সহযোগিতায় চারা রোপন করতে হবে। বিহিঙ্গি জাল দিয়ে মাছ ধরা বন্ধ করা সহ মাছের প্রজনন স্থান সুরক্ষিত করতে হবে
রাস্তাঘাট	সমাজের উচ্চ প্রভাবশালী লোকজন দ্বারা নিজেদের সেচ কাজের সুবিধার্থে রাস্তা কেটে ড্রেন র্নিমান করা এবং অপরিকল্পিত চিংড়ি চাষ, রাস্তায় ড্রেইন ব্যবস্থা না থাকা ও পানি নিষ্কাষনের ব্যবস্থা না থাকায় রাস্তার দুই পাশে ভেঙ্গে যায়।	ইউনিয়ন পরিষদ কতর্ক রাস্তা কেটে ড্রেন নির্মানে বাধা দেওয়া, রাস্তার দুই পাশে বনায়ন উদ্যোগ নেয়া এবং অপরিকল্পিত চিংড়ী ঘের না করার জন্য মৎস্য অধিদপ্তর কর্তৃক কঠোর আইন প্রয়োগ
গাছপালা	বৃক্ষ নিধনের কারনে ফলজ বনজ গাছ কমে যায়। এছাড়া বয়সী চারা রোপন করায় গাছের মূল মাটির গভীরে না থাকার কারনে ঝুঁকিপূর্ণ গাছের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে	জনসাধারনকে সামাজিক বনায়নে উদ্বুদ্ধ করা সেই সাথে কম বয়সী চারা রোপন করার জন্য সকলকে উৎসাহিত করা এবং ঔষধি চার রোপন করার উপকারিতা সর্ম্পকে প্রচার প্রচারনা করা
ফসল	অতিরিক্ত জনসংখ্যা বৃদ্ধির কারণে ফসলি জমিতে বসতবাড়ী করা, সমুদ্র উপকুলীয় এলাকা হওয়ায় লবনাক্ততার কারণে মাটির ফসল উৎপন্ন শক্তি হ্রাস পাওয়া	কৃষি অধিদপ্তর কর্তৃক স্যালাইনিটি সহনীয় ফসল উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধ করা
খাবার পানি	ভুগর্ভস্থ পানির স্তর কমে যাওয়া ও সমুদ্র উপকুলীয় এলাকা হওয়ায় পানিতে লবনাক্ততার পরিমান বৃদ্ধি পাওয়া ।	কম খরচে বিশুদ্ধ পানির প্রযুক্তি ব্যবহার করে অর্থনৈতিক সীমাবদ্ধতা দূরীকরণ সহজলভ্য ঢেঁকিকলের ব্যবহার বৃদ্ধি করা স্থানীয় সরকারের মাধ্যমে রেইন ওয়াটার হারভেষ্ট করা
স্বাস্থ্য	বিচ্ছিন্ন পাহাড়ী অঞ্চল হতে জরুরী প্রয়োজনে উন্নত চিকিৎসা সুবিধার জন্য জেলা বা বিভাগীয় শহরে যেতে না পারা, জনসংখ্যার তুলনায় অপ্রতুল হাসপাতালও চিকিৎসা সুবিধা, পাহাড়ী এলাকা বিধায় নিয়োগপ্রাপ্ত ডাক্তারগণ এলাকায় না থাকা, ওজা বৈদ্য, কবিরাজের প্রতি স্থানীয় জনসাধারণের দৃঢ় বিশ্বাস থাকা এবং স্বাস্থ্য সচেতন না হওয়ায়। জলাবদ্ধতা/বাড়ি ঘরে পানি জমে থাকা। স্বাস্থ্য বিষয়ে সচেতনতার অভাব।	স্থানীয় কমিউনিটি ক্লিনিক গুলোর সেবা জনগনের দৌড় গোড়ায় পৌছে দেওয়ার মাধ্যমে স্বাস্থ্য সচেতনতার ব্যাপারে জিও/ এনজিওর মাধ্যমে প্রচার প্রচারনা চালানো গ্রাম পর্যায়ে সরকারী ও বেসরকারী উদ্যোগে স্বাস্থ্য দিবস উদযাপন। স্বাস্থ্য সেবা গ্রহণে সচেতন ও উদ্যোগী করতে হবে। ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিকের সংখ্যা বৃদ্ধি করতে হবে। স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারে ও স্বাস্থ্য বিষয়ে সামাজিক ও প্রশাসনিকভাবে জনসচেতনতা বাড়াতে হবে। তুলণামূলক উঁচু স্থানে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ করতে হবে। টিউবওয়েলের চারপাশ পাকা করতে হবে।
শিক্ষা	দুর্যোগ প্রবন এলাকা হওয়ায়, বিদ্যালয় গুলোর দুর্বল অবকাঠমোর ফলে ছাত্র ছাত্রীরা প্রতিনিয়ত শিক্ষা বঞ্চিত হচ্ছে	স্থানীয় সরাকারের মাধ্যমে স্কুল গুলো পাকা ভবন নির্মান ও বেসরকারী আশ্রয়কেন্দ্র গুলোকে বিদ্যালয় হিসাবে ব্যবহার করার উদ্যোগ নেওয়া। দুর্যোগকালীন সময় বিদ্যালয় চালানোর ব্যবস্থা করা।

মৎস্য	মৎস্য প্রজননের ক্ষেত্র গুলো ভরাট বা বিলুপ্ত হয়ে যাওয়া ও নির্বিচারে পোনা নিধন করা। খালের কাছাকাছি বা নিচু এলাকায় পুকুরের অবস্থান। পুকুরের পাড় উঁচু না করা। পুকুরের চার পাশে গাছ না লাগানো। লবনাক্ত পানি সহজে পুকুরে প্রবেশ করে।	মৎস্য অধিদপ্তর কর্তৃক আইনের কঠোর প্রয়োগ নিশ্চিত করা এবং সেই সাথে মাছের ডিম ছাড়ার সময় মৎস্য আহরণ না করার জন্য মৎস্য বিভাগ কর্তৃক তৃণমুল পর্যায়ে প্রচার প্রচারনা চালানো, পুকুরের পাড় উঁচু এবং পুকুর সংস্কার করতে হবে। পুকুরের চার পাশে গাছ লাগাতে হবে
হাট-বাজার	পানি নিষ্কাষনের ব্যবস্থা না থাকায় হাট বাজার গুলো প্লাবিত হয়ে নিত্য প্রয়োজনীয় পন্য সরবরাহ ব্যাহত হচ্ছে। দুবর্ল অবকাঠামো।	পরিকল্পিত ভাবে ড্রেন নির্মাণ ও নিত্য প্রয়োজনীয় পন্য সরবরাহে মজবুত রাস্তা তৈরীর জন্য স্থানীয় সরকার কর্তৃক প্রকল্প হাতে নেওয়া এবং বাজারের চারপাশে বনজ ও ফলজ গাছ লাগাতে হবে।
ঘরবাড়ী	সমুদ্রের কাছাকাছি ও তুলণামূলক নিচু এলাকায় বসতভিটার অবস্থান অর্থাৎ অপরিকল্পিত বসতভিটা এবং দূর্বল অবকাঠামো	বসতভিটার অবস্থান নদী হতে দুরে ও উঁচু করতে হবে।

তথ্য সূত্র ঃ উখিয়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১৪

২.৫. খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ণনা ঃ

ছক - ০৬ ঃ উখিয়া উপজেলার বিপদাপন্ন খাতসমূহ চিহ্নিতকরণ

আপদসমূহ	বিপদাপন্ন সামাজিক উপাদানসমূহ													
	ঘরবাড়ি	রাস্তাঘাট	গাছপালা	ফসল	পরিবেশ	হাঁস মুরগী	গরু ছাগল	খাবার পানি	হাট বাজার	নদ-নদী	মৎস্য	স্বাস্থ্য	শিক্ষা	আশ্রয়কেন্দ্র
পাহাড়ী ঢল ও বন্যা														
ঘূর্ণিঝড় / জলোচ্ছাস														
জোয়ারের পানি														
খালের দু'পাড় ভাঙ্গন														
অতিবৃষ্টি														
কালবৈশাখী														
পানির অভাব														
বন্যহাতির আক্রমণ														

তথ্য সূত্র ঃ উখিয়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১৪

২.৬. জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব ঃ

জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্থ খাতসমূহ : কৃষি, মৎস্য, গাছপালা, স্বাস্থ্য, জীবিকা, পানি, অবকাঠামো

ছক - ০৭ ঃ জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্থ খাতসমূহ

খাতসমূহ	বর্ণনা
কৃষি	খালের পাড় ভাঙ্গন, অতি বৃষ্টি, পাহাড়ী ঢল ও বন্যা বৃদ্ধি পাওয়ায় কৃষি খাত ব্যাপক হুমকির মুখে পড়বে। কৃষিজীবিরা পেশা পরিবর্তনে বাধ্য হবে। শহর ও শিল্পের প্রতি আগ্রহ তৈরি হবে। ফলে খাদ্য ঘাটতি হবে। কৃষি উৎপাদন ব্যাহত হবে। পাশাপাশি অন্যান্য কৃষিজ উৎপাদন মারাত্বকভাবে ব্যাহত হবার সম্ভাবনা রয়েছে।
মৎস্য/চিংড়ী	খাল বা নদীর গতি পথ পরির্তন হওয়ার প্রেক্ষিতে চাহিদা মোতাবেক মাছ উৎপাদন হবে না। মাছের প্রজনন জায়গার বিলুপ্তি হবে। বিভিন্ন প্রজাতির মাছ বিলুপ্ত হয়ে যেতে পারে, ফলে মৎস্য ঘাটতি হতে পারে। পাশাপাশি মাছের প্রজনন স্থান বিলুপ্ত হয়ে যাবে। ফলে জেলে বা মৎস্যজীবিরা পেশা পরিবর্তনে বাধ্য হবে।
গাছপালা (বনায়ন ও পরিবেশ)	পাহাড়, বৃক্ষ নিধন এর কারনে গাছ পালা কমে গিয়ে পরিবেশ ভারসাম্য হারিয়ে তাপমাত্রা বৃদ্ধি পেয়ে পরিবেশের উপর বিরুপ প্রভাব দেখা যায়। অতিবৃষ্টি, পাহাড় নিধন, বন্যার কারণে পলিমাটি সাগরে পড়ে সমুদ্রের উচ্চতা বৃদ্ধি পাবে। অতিবৃষ্টি, অনাবৃষ্টির মত আপদের কারণে বিভিন্ন ফলজ, বনজ গাছসহ প্রভৃতি গাছ বিলুপ্ত হবে। প্রাকৃতিক বেড়ি বাঁধ ধ্বংস সহ উপকুলীয় গ্রাম গুলো প্লাবিত হবে , জীবন রক্ষাকারী গাছের সংখ্যা কমে যাবে।
স্বাস্থ্য	পাহাড়ী এলাকা মশার উপদ্রুপ বেশি, গাছপালা নিধন জনিত কারণে তাপমাত্র বৃদ্ধির ফলে বিভিন্ন রোগ ব্যাধি বৃদ্ধি পাবে, নতুন নতুন রোগের অবির্ভাব হবে। ফলে দারিদ্রতার কারণে সঠিক চিকিৎসা সেবা সুযোগ না পেয়ে অসুস্থতার বৃদ্ধি পেয়ে স্বাস্থ্য হানি হবে। ফলে তারা আয়মূলক কাজে অংশ নিতে পারবেনা। ফলে এলাকায় দারিদ্রতা বৃদ্ধি পাবে।
জীবিকা	অতিরিক্ত বৃষ্টিপাত, পাহাড়ী বন্যা, জলোচ্ছাস, ঘূর্ণিঝড়সহ বিভিন্ন আপদ সময় ও অসময়ে হতে থাকায় কৃষি, শিক্ষা, অবকাঠামো ও মৎস্যসহ বিভিন্ন খাত সমূহ ব্যাপক হুমকির মুখে পড়বে। অত্র এলাকায় জীবিকা নির্বাহের জন্য সাধারণ জনগণ পেশা পরিবর্তনে বাধ্য হবে। পরিবর্তিত নতুন পেশায় দক্ষতা কম থাকায় কাজ করতে কষ্ট হবে ফলে ভুক্তভোগীরা আর্থিক সংকটে পড়বে।
পানি	তাপমাত্রা জনিত কারণে ভু-গর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়ায় পানি সংকট তীব্র আকার ধারণ করবে ফলে পানি দূষণের মাত্রা বৃদ্ধি পাবে। পানির অভাব জনিত কারণে পানিবাহিত রোগ বাড়বে। পানির কারণে দুর্ভোগ বৃদ্ধি পাবে।
অবকাঠামো	অতিবৃষ্টি, জলোচ্ছাস, ঘূর্ণিঝড় কারণে উপকূলীয় এলাকা সমুদ্র গর্ভে ও খালের দু'পাড় ভেঙ্গে তীরবর্তী এলাকা বিলীন হবে। ফলে রাস্তাঘাট, ঘরবাড়ী, শেল্টার, দালান সহ সকল অবকাঠমো রক্ষা করা কঠিন হবে। অমাবশ্যা পূর্ণিমার নিত্য জোয়ারের প্রভাবে গ্রামগুলো প্লাবিত হবে। অনেক লোকজন গৃহহীন হয়ে বসতি ও এলাকা পরিবতর্ন করবে।
শিক্ষা	আর্থিক সংকটে পড়ায় শিশুরা লেখা পড়ার চেয়ে কাজের দিকে ঝুঁকে পড়বে।

তথ্য সূত্র ঃ উখিয়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১৪

২.৭. ঝুঁকি বিশ্লেষণ ঃ

আপদের ঝুঁকি, প্রবণতা এবং ভয়াবহতা বিবেচনায় এই উপজেলায় ঘূর্ণিঝড়কে প্রধান আপদ হিসেবে চিহ্নিত করা হয়েছে। দ্বিতীয় পর্যায়ের আপদ হিসেবে আছে অতিবৃষ্টি, হঠাৎ বন্যা ও উপকূলীয় বন্যা; এবং তৃতীয় পর্যায়ের আপদ হিসেবে আছে জলাবদ্ধতা ও ভূমিধস। উল্লেখিত আপদজনিত ঝুঁকি বিশ্লেষণ ছকে উপস্থাপন করা হলো।

ছক - ০৮ ঃ আপদের ঝুঁকি বিশ্লেষণ

প্রভাব						
	৫. খুব বেশি			হঠাৎ বন্যা (স্থানীয়)	ঘূর্ণিঝড়, ঝড় (ব্যাপক)	
	৪. বেশি			জলাবদ্ধতা, উপকূলীয় বন্যা		ঘূর্ণিঝড়, ঝড় (স্থানীয়)
	৩. সহনীয়			ভূমিধস (স্থানীয়)	স্বাভাবিক বন্যা (ব্যাপক)	
	২. সামান্য					
	১. যৎ সামান্য					
		১. খুব কম সম্ভাবনা	২. ঘটতে/হতে পারে	৩. মাঝে মাঝে ঘটতে পারে	৪. প্রায়ই ঘটবে	৫. প্রতি বছর ঘটবে
		সম্ভাবনা				

সম্ভাবনা:
১ = খুব কম সম্ভাবনা (ঘটনা ঘটার আনুমানিক ০-২০% সম্ভাবনা),
২ = ঘটতে /হতে পারে (২১-৪০%),
৩ = মাঝে মাঝে ঘটতে পাওে (৪১-৬০%),
৪ = প্রায় ঘটবে (৬১-৮০%),
৫ = প্রতি বছর ঘটবে (৮১-১০০%)

প্রভাব:
১ = যৎ সামান্য (০-৫% পরিবার আক্রান্ত)
২ = সামান্য (০-১০% পরিবার আক্রান্ত)
৩ = সহনীয় (১০-২০% পরিবার আক্রান্ত)
৪ = বেশি (২০-৩০% পরিবার আক্রান্ত)
৫ = খুব বেশি (৩০% এর পরিবার আক্রান্ত)

তথ্য সূত্র ঃ উখিয়া ইউজেডডিএমসি সদস্যদের মতামতের ভিত্তিতে প্রস্তুতকৃত, ১০-১১ জুন, ২০১৯

২.৮. ঘূর্ণিঝড় আপদের জরুরী দৃশ্যপট ঃ

যে কোন পরিকল্পনা প্রনীত হয় কোন একটি আপদকে কেন্দ্র করে। সেখানে সংশ্লিষ্ট অন্যান্য আপদের বিষয়ও বিবেচনা করা হয়। যেগুলোকে দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের আপদ বলা হয়। উখিয়া উপজেলার ক্ষেত্রে ঘূর্ণিঝড় প্রধান আপদ এবং দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের আপদ হিসেবে আছে যথাক্রমে আকস্মিক বন্যা, জলাবদ্ধতা ও উপকূলীয় বন্যা; এবং স্বাভাবিক বন্যা ও ভূমিধস। এই সকল আপদের ভিত্তিতে এই উপজেলার সম্ভাব্য দুর্যোগ দৃশ্যপট কল্পনা করা হয়েছে।

বাংলাদেশের উপকূলে আঘাত হানা যে সকল ঘূর্ণিঝড় কক্সবাজার জেলায় উল্লেখযোগ্য ক্ষয়-ক্ষতি ঘটিয়েছে সেগুলো নিম্নের ছকে উপস্থাপন করা হলো।

ছক - ০৯ ঃ ১৯৬৫ সাল থেকে ঘূর্ণিঝড়ে কক্সবাজার জেলায় উল্লেখযোগ্য ক্ষয়-ক্ষতির ইতিহাস[1]।

বছর	মাস	দুর্যোগ	ঝড়ের বেগ সর্বোচ্চ বাতাস (কিঃমিঃ/ঘন্টা)	জলোচ্ছাস/ জোয়ারের উচ্চতা (ঢেউ) (মিটার)	মৃত্যুর সংখ্যা
১৯৬৫	ডিসেম্বর	সাইক্লোন	২১০	২.৪-৩.৬	৮৭৩
১৯৭০	নভেম্বর	ভোলা সাইক্লোন	২২৪	৫.৫-১০.০	৩০০,০০০
১৯৭৪	নভেম্বর	সাইক্লোন	১৬৩	২.৪-৫.০	-
১৯৯১	এপ্রিল	সাইক্লোন গোর্কী	২২৫	৪.০-৭.৬	১৩৮,০০০
১৯৯৭	মে	সাইক্লোন	২৩২	৩.১-৪.৬	১৫৫
২০১৫	জুলাই	কোমেন	৬৫	২.০	৭

[1] আবহাওয়া অধিদফতরের ঘূর্ণিঝড় বিষয়ক প্রতিবেদন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের দুর্যোগ প্রতিবেদন এবং ঘূর্ণিঝড় জরুরি প্রস্তুতি পরিকল্পনা: বাংলাদেশ মার্চ ২০১৬

২০১৬	মে	রোয়ানু	১২৮	১.৫-২.০	২৭
২০১৭	মে	মোরা	১৪৬	-	৬

কক্সবাজার জেলার ঘূর্ণিঝড়ের ইতিহাস, উখিয়া উপজেলার জনসংখ্যা এবং ভৌগোলিক অবস্থা বিবেচনায় সম্ভাব্য দু'টি দৃশ্যপট (ইউনিয়ন ভিত্তিক) কল্পনা করা হয়েছে।

উখিয়া উপজেলার ইউনিয়ন ভিত্তিক দৃশ্যপট

পালংখালী ইউনিয়ন ঃ

দৃশ্যপট ঃ ১

ক্যাটাগরী ২ মাত্রার কোন ঘূর্ণিঝড় (উদাহরণ ঃ ঘূর্ণিঝড় মোরা) আঘাত হানলে পালংখালী ইউনিয়নের ওয়ার্ড নং ১,২,৫,৬,৭ (আংশিক), ৯ এ নিচু এলাকা এবং রাস্তাঘাট ডুবে যাবে।

দৃশ্যপট ঃ ২

একইভাবে অতিবৃষ্টি জনিত আকস্মিক বন্যা অথবা নিয়মিত বন্যায় ওয়ার্ড নং ১,৩,৬,৯ এ ড্রেন এবং খাল বালি জমে ভরাট হয়ে যাবে এবং নিচু এলাকা ও রাস্তাঘাট ডুবে যাবে

রত্নাপালং ইউনিয়ন ঃ

দৃশ্যপট ঃ ১

ক্যাটাগরী ২ মাত্রার কোন ঘূর্ণিঝড় (উদাহরণ ঃ ঘূর্ণিঝড় মোরা) আঘাত হানলে রত্নাপালং ইউনিয়নের ওয়ার্ড নং ১,৩, ৯ (সম্পূর্ণ); ৭ ও ৮ (আংশিক), এ নিচু এলাকা এবং রাস্তাঘাট ডুবে যাবে।

দৃশ্যপট ঃ ২

একইভাবে অতিবৃষ্টি জনিত আকস্মিক বন্যা অথবা নিয়মিত বন্যায় ওয়ার্ড নং ৩, ৪, ৫, ৯ (সম্পূর্ণ); ৭ ও ৮ (আংশিক) এ পাহাড়ধস হবে; ড্রেন এবং খাল বালি জমে ভরাট হয়ে যাবে এবং নিচু এলাকা ও রাস্তাঘাট ডুবে যাবে।

রাজাপালং ইউনিয়ন ঃ

দৃশ্যপট ঃ ১

ক্যাটাগরী ২ মাত্রার কোন ঘূর্ণিঝড় (উদাহরণ ঃ ঘূর্ণিঝড় মোরা) আঘাত হানলে রাজাপালং ইউনিয়নের ওয়ার্ড নং ১,২,৪,৬,৭,৯ এ নিচু এলাকা এবং রাস্তাঘাট ডুবে যাবে।

দৃশ্যপট ঃ ২

একইভাবে অতিবৃষ্টি জনিত আকস্মিক বন্যা অথবা নিয়মিত বন্যায় ওয়ার্ড নং ১ (পিনজিরকুল, রাজারকুল); ২ (আলীমোরা);৩ (দক্ষিণ হরিণমারা); ৪ (পশ্চিম ও মধ্য দিঘলিয়া পালং); ৭ ডেইলপাড়া

এবং টাইপালং) এলাকর নিচু এলাকা ও রাস্তাঘাট ডুবে যাবে ও বন্যায় তলিয়ে যাওয়ার সম্ভাবনা আছে। দোছড়ী (৩ নং ওয়ার্ড), তুলাতলী (৭ নং ওয়ার্ড), বাগানপাড়া (৮ নং ওয়ার্ড), লম্বাসিয়া (৯ নং ওয়ার্ড) এ পাহাড়ধস হবে। এছাড়াও ২, ৪ ও ৭ নম্বর ওয়ার্ডে বর্ষাকালে নদী ভাঙ্গনের প্রবণতা আছে।

জালিয়াপালং ইউনিয়ন ঃ

দৃশ্যপট ঃ ১

ক্যাটাগরী ২ মাত্রার কোন ঘূর্ণিঝড় (উদাহরণ ঃ ঘূর্ণিঝড় মোরা) আঘাত হানলে জালিয়াপালং ইউনিয়নের সোনারপাড়া, লম্বরীপাড়া, সোনাইছড়ি, নিদানিয়া, ইনানী, মোহাম্মাদার শফির বিল, রূপপতি, বাইলাখালীসহ প্রায় পুরো ইউনিয়নের নিচু এলাকা ডুবে যাবে।

দৃশ্যপট ঃ ২

একইভাবে অতিবৃষ্টি জনিত আকস্মিক বন্যা অথবা নিয়মিত বন্যায় পাইন্যাশিয়া, লম্বরীপাড়া ও সোনাইছড়ি এলাকাসহ অধিকাংশ এলাকা আকস্মিক বন্যায় প্লাবিত হয়, রাস্তা-ঘাট ডুবে যায় এবং জলাবদ্ধতা হয়।

হলদিয়াপালং ইউনিয়ন ঃ

দৃশ্যপট ঃ ১

হলদিয়াপালং এর বিভিন্ন স্থান সাধারণ ঘূর্ণিঝড় ঝুঁকিতে রয়েছে।

দৃশ্যপট ঃ ২

হলদিয়াপালং ইউনিয়ন সমূহের অধিকাংশ এলাকা আকস্মিক বন্যায় প্লাবিত হয় এবং রাস্তা-ঘাট ডুবে যায় এছাড়াও অতিবৃষ্টিতে জলাবদ্ধতায় ইউনিয়নের রূমখাঁ পালং ও চৌধুরীপাড়া এলাকা ঝুঁকিপূর্ণ হিসাবে চিহ্নিত।

উখিয়া উপজেলার প্রধান ৩ টি আপদের দ্বারা ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাব্য এলাকা

ঘূর্ণিঝড়ঃ

- জালিয়াপালং ইউনিয়নের সোনারপাড়া, লম্বরীপাড়া, সোনাইছড়ি, নিদানিয়া, ইনানী, মোহাম্মাদার শফির বিল, রূপপতি, বাইলাখালীসহ প্রায় পুরো ইউনিয়ন।
- পালংখালি ইউনিয়নের ফাড়িয়াবিল, থাইংখালি, আঞ্জুমানপাড়া, নলবনিয়া, বালুখালি, রহমতের বিল সহ এর আশেপাশের এলাকা।
- এছাড়াও রাজাপালং, রত্নাপালং ও হলদিয়াপালং এর বিভিন্ন স্থান ঘূর্ণিঝড় ঝুঁকিতে রয়েছে।

আকস্মিক বন্যাঃ

- পালংখালি, রাজাপালং, রত্নাপালং, জালিয়াপালং ও হলদিয়াপালং ইউনিয়ন সমূহের অধিকাংশ এলাকা আকস্মিক বন্যায় প্লাবিত হয় এবং রাস্তা-ঘাট ডুবে যায়।

জলাবদ্ধতাঃ

- রাজাপালং ইউনিয়নের লম্বাঘোনা, ডেইলপাড়া ও তুতুরবিল এলাকায় জলাবদ্ধতার ঝুঁকি আছে।
- পালংখালি ইউনিয়নের দক্ষিণ গয়ালমারা এলাকা
